



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট
তথ্য মন্ত্রণালয়

অস্থায়ী কার্যালয়: জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট,
১২৫/এ, দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬

ওয়েবসাইট: www.bcti.gov.bd ই-মেইল: bctibd2013@gmail.com

নং-বাচটেই/পত্রিকা/২০১৫/ ২০৪০২

তারিখ: ২১ আগস্ট ২০১৮

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট জার্নাল-এর জন্য

লেখা আহ্বান

এতদ্বারা বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট-এর বার্ষিক বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট জার্নাল-এর ৮ম সংখ্যার জন্য লেখা আহ্বান করা যাচ্ছে। চলচ্চিত্র ও টেলিভিশন বিষয়ে গবেষণাধর্মী এবং বিশ্লেষণমূলক লেখা, চলচ্চিত্র সমালোচনা, নিউ-মিডিয়ার গতিপ্রকৃতি ও ব্যাপ্তি, বিশ্ব চলচ্চিত্রের তুলনামূলক আলোচনা, অনুবাদ ও সাক্ষাৎকার, প্রযুক্তি ও প্রয়োগ ইত্যাদি বিষয়ে আগ্রহী লেখকদের নিকট থেকে লেখা আহ্বান করা হচ্ছে। লেখা পাঠানোর শেষ তারিখ ২০ সেপ্টেম্বর ২০১৮। লেখার শেষে গ্রন্থপঞ্জি ও তথ্যসূত্র যথাযথভাবে সন্নিবেশিত থাকতে হবে। উল্লেখ্য, লেখার শব্দসীমা হবে অনূর্ধ্ব ৫,০০০ (পাঁচ হাজার)।

লেখকগণকে লেখার বিষয়বস্তুর সাথে প্রাসঙ্গিক ছবি পাঠাতে হবে। লেখা সম্পূর্ণ অপ্রকাশিত ও মৌলিক হতে হবে। লেখার হার্ডকপি ও সফটকপি (SutonnyMJ ফন্ট) সরাসরি অথবা ই-মেইলযোগে (bctibd2013@gmail.com) পাঠাতে অনুরোধ করা হচ্ছে। লেখার জন্য লেখককে নির্ধারিত হারে সম্মানী প্রদান করা হবে এবং লেখা নির্বাচনে সম্পাদনা পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে পরিগণিত হবে।

(মো: রফিকুজ্জামান)

সম্পাদক

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট জার্নাল

ও

প্রধান নির্বাহী (অতিরিক্ত সচিব)

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট

যোগাযোগ: বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট

অস্থায়ী কার্যালয়: জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট

১২৫/এ, দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬।

মোবাইল: ০১৭০৮৫২২৬০১।